বাংলাদেশের সুবর্ণজয়ন্তী
Bangladesh 50

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
**www.lged.gov.bd**

মুজিব বর্ষ 100

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.২৭.০০৩.১৪-৪২৫ তারিখঃ ১৬.০৯.২০২১ইং

প্রতি,

১। নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলাঃ........................।

২। উপজেলা প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
....................উপজেলা, জেলাঃ....................।

বিষয়ঃ **চুক্তি বাস্তবায়ন সময় বৃদ্ধির ক্ষেত্রে অনুমোদিত সময়ের পূর্বে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

সূত্রঃ স্মারক নং-এলজিইডি/সিই/পিইউ-২২/২০০৪/২০০৮; তারিখঃ ০৩/০১/২০১৭ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা' ২০০৮ এর বিধি ৩৯(৩) অনুযায়ী ক্রয়কারী কর্তৃক প্রত্যাশিত কার্য সমাপ্তির তারিখ (Intended Completion Date) সম্প্রসারণের ক্ষেত্রে মূল সময়সীমার ২০% এর অধিক হলে ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির অনুমোদন প্রয়োজন হয়। এছাড়া বিধি ৩৯(৪) অনুযায়ী কার্য সমাপ্তির সময়সীমা বর্ধিতকরণের সকল প্রক্রিয়া সময় বর্ধনের আবেদন প্রাপ্তির ২১ দিনের মধ্যে সম্পন্ন করতে হয়। ইতোপূর্বে সূত্রে বর্ণিত স্মারক মূলে এলজিইডি'র ক্রয়কারীগণকে চুক্তি বাস্তবায়ন সময় বৃদ্ধির ক্ষেত্রে অনুমোদিত সময়ের পূর্বে ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়েছিল। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, এ বিষয়গুলির দিকে লক্ষ্য না রেখে অধিকাংশ ক্ষেত্রে প্রত্যাশিত কার্য সমাপ্তির তারিখ অতিবাহিত হওয়ার পরে সময় বৃদ্ধির জন্য আবেদন করা হচ্ছে। এর ফলে অনুমোদিত সময়ের পরে মূল সময়সীমা বৃদ্ধির সিদ্ধান্ত প্রদান করতে হচ্ছে, যা অনাকাঙ্খিত জটিলতার সৃষ্টি করছে।

এমতাবস্থায়, কার্য সমাপ্তির সময়সীমা বর্ধিতকরণের সকল প্রক্রিয়া সময় বর্ধনের আবেদন প্রাপ্তির ২১ দিনের মধ্যে সম্পন্ন করার জন্য পুনরায় বলা হলো। যৌক্তিক কারণে সময় বর্ধনের ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির অনুমোদন প্রয়োজন হলে মূল/অনুমোদিত সময় শেষ হওয়ার কমপক্ষে ২৮ দিন পূর্বে আবেদন প্রেরণ করার জন্য পুনরায় নির্দেশ দেওয়া হলো এবং সংশ্লিষ্ট সকল ঠিকাদারদের এ বিষয়টি অবহিত করণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে বলা হলো। এ নির্দেশনা প্রতিপালিত না হলে দায়ীদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

**(মোঃ আব্দুর রশীদ খান)**
প্রধান প্রকৌশলী
ফোনঃ ০২-৫৮১৫২৮০২
ই-মেইলঃ ce@lged.gov.bd

অনুলিপিঃ
১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক (সকল), ......................এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।